বাংলা প্রথম পত্র
সৃজনশীল প্রশ্ন

[ক বিভাগ হতে দুটি, খ বিভাগ হতে দুটি, গ বিভাগ হতে দুটি ও ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ – গদ্য

১. ইংরেজি মাধ্যম সালের শিকারী পিয়ার দীক্ষা শেষে গ্রামে নানা বাড়িতে বেড়াতে যায়। স্থানীয় গোচ্ছেন। এগুলো ভালো লাগে তার কেয়াণ শোনার পর ঘরে ফিরে মায়ের কাছে পুরো কাহিনি টসে দেখে লো ভালো তার। কিছুনা পোনার তার সাথে বেহুলা-লখিন্দরের করুণ পানীয় বলেন, 'এগুলো সেকেলে। তোমার এগুলো শেখার দরকার নেই। তুমি বরং জানতে চাইলে মা হোগী হও।' কিন্তু শিহাব দমে না গিয়ে পরের দিন আবার হাটে যায় এবং পাঠ্যবইয়ের প্রতি মনোযোগী। লাইনে শিল্পীদের পরিবেশিত মহুয়ার পালাটি মোবাইলে ভিডিও করে ইউটিউবে ছেড়ে দেয়। এই দিনের মধ্যে ভিডিওটি পাঁচ হাজারের বেশি লাইক ও শেয়ার পায়। বিস্ময়ে অভিভূত হয় শিহাব।

ক. ভূয়োদর্শন কী?

খ. 'পল্লিসাহিত্যে পল্লিজননীর হিন্দু মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার'- বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের শিহাবের মায়ের মধ্যে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো।

ঘ. শিহাবের গৃহীত পদক্ষেপের মাধ্যমেই 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের প্রত্যাশা পূরণ হতে পারে।- মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

২. (i) আমরা ক'জন দুষ্টু ছেলের দল,
গাছের তলায় গড়েছি মোদের আস্তানা।
পাঠশালার শাসন-বারণ ভেঙেছি মেলা,
বড়ো দিঘির পানিতে ভাসিয়েছি ভেলা।

(ii) নুন আনতে পান্তা ফুরোয়,
চাল আনতে ডাল,
মাসের মধ্যেও কেনা হয়ে ওঠে না;
আদা পেঁয়াজ আর ঝাল।

ক. 'রোয়াক' কী?

খ. সর্বজয়ার কথা বন্ধ হওয়ার উপক্রম হলো কেন? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপক (i) এ 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে চিত্র ধরা পড়েছে- তা ব্যাখ্যা করো।

ঘ. 'উদ্দীপক (ii) কে ছাপিয়ে উদ্দীপক (i)-এর ভাবার্থে যেন 'আম-আঁটির ভেঁপু' গল্পে প্রাধান্য বিস্তার করেছে।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

৩. ঢাকা-সিলেট মহাসড়কে দ্রুতগামী একটি যাত্রীবাহী বাস সিএনজি-চালিত অটোরিকশাকে ধাক্কা দিলে ঘটনাস্থলে দুজন নিহত হ্যা এবং অপর চারজন যাত্রী গরুতর আহত হয়ে রাস্তায় পড়ে থাকে। দুর্ঘটনাস্থলে একজন পথচারী নিহত ও আহত যাত্রীদের মোবাইল ফোন ও মানিব্যাগসহ গুরুত্বপূর্ণ জিনিসপত্র নিয়ে দৌড়ে পালিয়ে যায়। অথচ পার্শ্ববর্তী স্কুলের একজন শিক্ষক ঘটনাস্থলে এসে ফায়ার সার্ভিস ও হাইওয়ে পুলিশকে খবর দেন। পাশাপাশি তিনি আহত ব্যক্তিদের হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন।

ক. 'হামেশা' শব্দের অর্থ কী?

খ. অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়ো কেন? বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের পথচারীর আচরণে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো ।

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষক যেন 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের কাঙ্ক্ষিত ব্যক্তিত্ব।"- মূল্যায়ন করো।"

prosnobd.com

৪. সিয়ামের বাবা রাঙামাটি জেলার বন বিভাগের কর্মকর্তা। এসএসসি পরীক্ষা শেষে সে যাবার কাছে রাঙামাটি বেড়াতে যায়। সেখানে জজঙ্গলাকৃত পাহাড়ি পরিবেশ। বিকাল হতে না হতেই বুনো দশাদের উপদ্রব শুরু হয়। ম্যালেরিয়ার মৃত্যু যেন সেখানে নৈমিত্তিক ব্যাপার। রাতের অন্ধকার নামলেই শোনা যায় বিভিন্ন বন্য প্রাণীর ডাক। ভয়ে গা ছমছম করে তার। আছে সাপের ভয়ও। দিনের বেলাতেও একাকী বাইরে বেড়ানো যায় না। এ অবস্থা ভালো লাগে না তার। তাই কয়েকদিন যেতে না যেতেই সে নিজ বাসা ঢাকায় ফিরে আসতে চায়।
ক. জগদলের দিনগুলি আনন্দময় হওয়ার প্রধান কারণ কী ছিল?
খ. মহারাজার কুকুরটিকে খানদানি বলা হয়েছে কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের সাথে 'নিয়তি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো।
ঘ. সাদৃশ্য থাকলেও উদ্দীপকটি 'নিয়তি' গল্পের মূল উপজীব্য নয়।"- মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

খ বিভাগ – কবিতা

৫. **স্তবক-১:**
একবার যেতে দেনা আমার ছোট্ট সোনার গাঁয়
যেথায় কোকিল ডাকে কুহু
দোয়েল ডাকে মুধু মুহু
নদী যেথায় জুটে চলে আপন ঠিকানায়।।

স্তবক-২:
মিছু মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম,
তার চেয়ে রত্ন নাহি আর।
সুধাকরে কত সুধা দূর করে তৃষা ক্ষুধা,
স্বদেশের শুভ সমাচার।।

ক. সনেটের কোনো অংশ ভাবের প্রবর্তনা থাকে?
খ. 'আর কী হে হবে দেখা?' এ অংশে কবি-মনের অভিব্যক্তি ব্যাখ্যা করো।প
গ. স্তবক-১ 'কপোতাক্ষ নদ' 'কবিতার যে ভাবের ইঙ্গিত বহন করে তা ব্যাখ্যা করো।
ঘ. স্তবক-২ যেন 'কপোতাক্ষ নদ' কবিতার মূল চেতনাকেই ধারণ করেছে।" মূল্যায়ন করো।

৬. দৃশ্যকল্প-১:
হিন্দু না ওরা মুসলিম ওই জিজ্ঞাসে কোন জন
কান্ডারি বল ডুবিছে মানুষ সন্তান মোর মার।

দৃশ্যকল্প-২:
কারার ঐ লৌহকপাট,
ভেঙে ফেল, কর রে লোপাট,
রক্ত-জমাট
শিকল পূজার পাষাণ-বেদী।

ক. কার নেতৃত্বে বারোভূঁইয়ারা ঐক্যবন্ধ হয়ে ওঠে?
খ. বাংলার আলপথ দিয়ে খাজার বছর চলা বলতে কী বোঝানো হয়েছে?
গ. "দৃশ্যকল্প-১ এ 'আমার পরিচয়' কবিতায় বর্ণিত বাঙালি চেতনার যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো।
ঘ. 'দৃশ্যকল্প-২ এর চেতনার উপর ভর করেই যেন আমরা এসে পৌছেছি আজকের এই বাংলায়।' মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

proshobd.com

৭. **স্তবক-১:** মহাত্মা গান্ধী উদার মানসিকতা নিয়ে সাধারণ মানুয়ের পাশে দাঁড়িয়েছিলেন। সিঙ্গ স্বার্থ ভুলে তিনি তাদেরকে ভাই বলে, বন্ধু বলে কাছে টেনে নিয়েছিলেন। আদেরকে না খাওয়াতে পারলে নিজেও না খেয়ে থেকেছেন। এখানে তিনি ধনী-গরিব, জাতি-ধর্ম বিচার করেননি।

স্তবক-২: আবু ইসহাকের 'জোক' গল্পে দেখা যায়, মহাজনেরা বিভিন্ন অজুহাতে গরিব বর্গাচাষিদের কষ্টের ফসল অধিকাংশই কেড়ে নেয়। সাদা কাগজে টিপসই নিয়ে মিথ্যা দেনার দায়ে তাদের সর্বহারা করে ছাড়ে। হাড়ভাঙা খাটনি খেটেও উসমানের মতো বর্গাচাষিরা দুবেলা পেটপুরে খেতে পায় না।
ক . 'মানুষ' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ হতে সংকলিত?
খ. 'ঐ মন্দির পুজারীর, হায় দেবতা, তোমার নয়।'- বুঝিয়ে লেখো।
গ. স্তবক-১ এ 'মানুষ' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো।
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও স্তবক-২ এর মহাজন ও 'মানুষ' কবিতার মোল্লা- পুরোহিতের স্বরূপ একই- বিশ্লেষণ করো।

গ বিভাগ – উপন্যাস

৮. **অংশ-১:**

'প্লাবনের চেয়ে মারিভয় চেয়ে শতগুণ ভয়াবহ,
নরঘাতীদের লেলিয়ে দিয়েছে ইয়াহিয়া আহরহ।
প্রতিদিন এরা নরহত্যার যে- কাহিনি এঁকে যায়,
তৈমুর লং নাদির যা দেখে শিখরিত লজ্জায়।'

অংশ-২:

'একটি ছেলে পাগল ছেলে পাড়ায় পাড়ায় ঘুরত,
চোখ দুটি তার চোখ যেন নয় ছবিতে বিমূর্ত,
সবাই তাকে বাসত ভালো সবার ছিল মিত্র,
মুখ জুড়ে তার আঁকা ছিল স্বপ্নের মানচিত্র।
সেই ছেলেটি ভেবেছিল , দিন যেভাবেই যাক না,
একদিন ঠিক পেয়ে যাবে পাখির মতো পাখনা।'

ক. মধু কীভাবে মারা যায়?
খ. 'এবার বড়ো যুদ্ধ করতে হবে' – কথাটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো।
গ. অংশ-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো।
ঘ. 'অংশ-২ এ যেন বুধা চরিত্রের সার্থক রূপায়ণ ঘটেছে।'- মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

৯. মেঘনা নদীতে ট্রলার ডুবে মারা যায় আসিফের মা-বাবা। ঘটনাক্রমে বাড়িতে থাকায় বেঁচে যায় আসিফ ও তার ছোটো ভাই আবির। অসহায় আসিফ ছোটো ভাইয়ের মুখের দিকে তাকিয়ে মোটর গ্যারেজে কাজ নেয়। ঘটনা শুনে গ্যারেজের মালিকের স্ত্রী তাদেরকে বাড়িতে ডেকে নেয়। তাদের আর গ্যারেজে কাজ করতে হয়নি। মালিক ও তাঁর স্ত্রীর স্নেহাদরে তারা দুজনেই এখন লেখাপড়া শিখছে।
ক. বুধা কোথায় বসে ৭ই মার্চের ভাষণ শুনেছিল?
খ. 'এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ।' বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের ট্রলার ডুবি ঘটনাটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে ঘটনায় সাথে সংগতিপূর্ণ তা ব্যাখ্যা করো।
ঘ. "কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চাচি যদি উদ্দীপকের গ্যারেজের মালিক ও তার স্ত্রীর মতো হতো তাহলে বুধাকে এতটা অসহায় জীবনযাপন করতে হতো না।" মন্তব্যটি মূল্যায়ন করো।

prosnbd.com

ঘ বিভাগ – নাটক

১০. এলাকার মানুষের আস্থার প্রতীক শহর আলি কবিরাজ। রোগ-শোক, দুঃখ-দুর্দশার সবাই হেটে তার শিকড়-বাকড়, তাবিজ-কবচ ও পানি পড়ার জন্য। তিনিও কাউকে ফিরান না। হাদিয়া হিসেবে সবাই যা দেয় তাতে স্বচ্ছলভাবে চলে তার পরিবার। কিন্তু এ কাজ পছন্দ করে না তার বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলে মোবারক। সে মনে করে এগুলোর কোনো বৈজ্ঞানিক ভিত্তি নেই। চামলে সারা পৃথিবীর চিকিৎসা বিজ্ঞান এগুলোকে স্বীকৃতি দিত। তাই সে বাবাকে এসব কাজ ছেড়ে দিতে বলে।

ক. তাহেরার মতে পীর সাহেব কোনো ধরনের লোক?

খ. 'আসলে বেড়ালের ভাব'- বুঝিয়ে লেখো।

গ. উদ্দীপকের শহর আলি কবিরাজ 'বহিপীর' নাটকের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করে।

ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের মোবারক ও 'বহিপীর' নাটকের হাশেম সমচেতনায় বিশ্বাসী।"- মন্তব্যটির যথার্থতা বিচার করো।

১১. রাজিয়া দশম শ্রেণির মেধাবী শিক্ষার্থী। ডাক্তার হওয়ার স্বপ্ন তার। পরিবার তেমন সাচ্ছল ছিল না। হঠাৎ তার বাবা প্রবাসী মাঝবয়সি বিপত্নীক এক লোকের সাথে তার বিয়ে ঠিক করে। রাজিয়া তার বাবাকে বোঝানোর চেষ্টা করেও ব্যর্থ হয়। পরে বান্ধবীদের সাথে পরামর্শ করে। বিয়ের দিন ৩ বান্ধবীরা পুলিশ নিয়ে উপস্থিত হয়ে বাল্যবিবাহের হাত থেকে তাকে রক্ষা করে। রাজিয়া এখন তার স্বপ্ন পূরণে উদ্যমী।

ক. বাইরের ঘরে মোড়ার উপর স্বপ্নাবিষ্টের মতো বসেছিল কে?

খ . 'আমি অবাক হচ্ছি তোমার আকৃতজ্ঞতা দেখে'- এ অকৃতজ্ঞতার কারণ ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের রাজিয়ার বাবা যে দিক থেকে 'বহিপীর' নাটকের তাহেরার বাবা-মায়ের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের রাজিয়া ও 'বহিপীর' নাটকের তাহেরা মানসিকতার দিক থেকে এক ও অভিন্ন।"- মন্তব্যটি বিশ্লেষণ করো।

prosnobd.com

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা প্রথম পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী।]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড : 101
সেট : খ

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। সকল প্রশ্নের মান সমান প্রতিটি প্রশ্নের মান ১।]

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১। হযরত মুহম্মদ (স.) এর অন্তরের লৌহকপাটে কোনটি আহত হয়ে ফিরে যেতো?
(ক) শত্রুর নিষ্ঠুরতা (খ) অপমানের শর্ত
(গ) বৈরিতার বিষাক্ত বান (ঘ) অরাতির অভিশাপ

২। 'চরমপত্রে'র লেখক কে?
(ক) আলমগীর কবির (খ) এম. আর. আকতার মুকুল
(গ) কামরুল হাসান (ঘ) ফয়েজ আহমেদ

৩। "তুমি আমাকে যাইতে দিয়ো না, মা।" সুভার এ কথায় কী প্রকাশ পেয়েছে?
(ক) আকুলতা (খ) অস্থিরতা
(গ) প্রার্থনা (ঘ) চঞ্চলতা

উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :
ধনী হওয়া সত্ত্বেও শিহাব কঠোর পরিশ্রম করেন। তা দেখে বন্ধু সুমিত তাঁকে বলেন দু'দিনের পৃথিবী এত পরিশ্রম করে কী লাভ? উত্তরে শিহাব বলেন, "পৃথিবী হচ্ছে বিশাল কর্মক্ষেত্র।"

৪। 'জীবন সঙ্গীত' কবিতা অনুসারে উদ্দীপকের সুমিতের বক্তব্যে ফুটে উঠেছে-
i. বৈরাগ্য ii. আধ্যাত্মিকতা iii. হতাশা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। উদ্দীপকের শিহাবের জীবনভাবনা 'জীবন সঙ্গীত' কবিতার কোন চরণে প্রতিফলিত হয়েছে?
(ক) এ জীবন নিশার স্বপন (খ) তুমি কার কে তোমার
(গ) সংসার-সমরাঙ্গনে যুদ্ধ কর দৃঢ় পণে
(ঘ) আয়ু যেন শৈবালের নীর

৬। স্কুল-কলেজের শিক্ষাকে মারাত্মক বলার কারণ কী?
(ক) জীবনী শক্তি নষ্ট করে দেয় বলে
(খ) সাহিত্য চর্চার আনন্দ থেকে বঞ্চিত করে বলে
(গ) জাতি যথার্থ স্ফূর্তি লাভ করে না বলে
(ঘ) স্বশিক্ষিত হবার শক্তি নষ্ট করে দেয় বলে

৭। নোরা মনে করে ক্ষুদ্র কোণে অবস্থান করে সংসার করাই নারীর একমাত্র কাজ নয়। সে চায় বৃহত্তর সমাজ জীবনের মধ্যে আত্মমর্যাদা সমুন্নত রেখে আত্মপ্রতিষ্ঠা লাভ করতে।
উদ্দীপকের নোরার মানসিকতা তোমার পঠিত কোন গল্পে দেখা যায়?
(ক) মমতাদি (খ) সুভা
(গ) আম আঁটির ভেঁপু (ঘ) নিয়তি

৮। কাজী নজরুল ইসলামের 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে ফুটে উঠেছে
i. সাম্যবাদী মানসিকতা ii. মর্যাদাবান জাতিগঠন
iii. বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। ইংরেজ বেনিয়া শক্তির বিরুদ্ধে লড়াই করার জন্য সিরাজদ্দৌলা হিন্দু-মুসলমানকে যে ডাক দিয়েছিলেন, তাতে ফুটে উঠেছে –
(ক) স্বজাত্যবোধ (খ) সাম্রাজ্যবাদ বিরোধী চেতনা
(গ) অসাম্প্রদায়িকতা (ঘ) জাতীয়তাবাদী চেতনা

১০। হুমায়ূন আহমেদ নির্মিত চলচ্চিত্র কোনটি?
(ক) নন্দিত নরকে (খ) নীল অপারিজতা
(গ) অয়োময় (ঘ) আগুনের পরশমণি

১১। 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবির অস্তিত্বে কী গাঁথা আছে?
(ক) নদীর কিনার (খ) জলজ বাতাস
(গ) কার্তিকের ধান (ঘ) স্নিগ্ধ মাটির সুবাস

১২। 'প্রবাস বন্ধু' রচনায় লেখক কোন খাবারটি ফিরিয়ে দিয়েছিলেন?
(ক) আঙুর (খ) ফালুদা (গ) সবুজ চা (ঘ)আখরোট

১৩। 'বঙ্গবাণী' কবিতায় কবি কাদের প্রতি তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন?
i. যারা মারফতি ii. যারা পরগাছা স্বভাবের
iii. যারা শিকড়হীন ব্যক্তিত্বের

prosnobd.com

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাওঃ

রজত সাহেব সামান্য বেতনের কর্মচারী। তার ছেলে বুয়েটে পড়ার সুযোগ পেলেও খরচের কথা ভেবে তিনি দুশ্চিন্তাগ্রস্থ হয়ে পড়েন। এ কথা জেনে এক ঠিকাদার রজত সাহেবকে অর্থের বিনিময়ে অন্যায় প্রস্তাব দিলেও তিনি রাজি হননি।

১৪। উদ্দীপকের রজত সাহেবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?

(ক) তাহেরা (খ) বহিপীর (গ) খোদেজা (ঘ) হাতেম আলি

১৫। উদ্দীপকের মূলভাবের মধ্যে 'বহিপীর' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে?

(ক) নৈতিকতা (খ) মনোবেদনা

(গ) স্বার্থপরতা (ঘ) দুঃখকথা

১৬। 'কপোতাক্ষ নদ' কবিতার "সতত, হে নদ তুমি পড় মোর মনে"-এ পংক্তিটির মধ্যে কোন ভাবটি ফুটে উঠেছে?

(ক) স্বদেশ প্রেম (খ) স্মৃতিকাতরতা

(গ) শ্রান্তির ছলনা (ঘ) মায়ের স্নেহডোর

১৭। ওই ফুল ফোটে বনে
যাই মধু আহরণে
দাঁড়াবার সময়তো নাই।

'ঝরণার গান' কবিতার ঝরণা ও উদ্দীপকের মধ্যে কোন দিকের মিল খুঁজে পাওয়া যায়?

(ক) সৌন্দর্য পিপাসা (খ) মুগ্ধতা

(গ) গতিময়তা (ঘ) সৃষ্টির আনন্দ

১৮। 'সেইদিন এই মাঠ জব্ধ হবে নাকো জানি'-পড়ক্তিটিতে কবি 'মাঠ' বলতে কী বুঝিয়েছেন?

(ক) জীবন প্রবাহ (খ) সভ্যতার অবস্থান

(গ) মানুষের স্বপ্নভূমি (ঘ) প্রাকৃতিক সৌন্দর্য

১৯। 'জুতা আবিষ্কার' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংকলিত?

(ক) কল্পনা (খ) ক্ষণিকা (গ) সোনার তরী (ঘ) বলাকা

২০। 'আশা' কবিতা অনুসারে মানুষের আয়ু কমে কেন?

(ক) দুরাশার গ্লানিতে (খ) বিত্ত-সুখের দুর্ভাবনায়

(গ) সারাদিনের পরিশ্রমে (ঘ) সম্পদের অভাবে

২১। 'আয় তোকে রূপকথা বলি'-'অভাগীর স্বর্গ' গল্পে কথাটি কেন বলা হয়েছে?

(ক) সন্তানকে সান্ত্বনা দেওয়ার জন্য

(খ) সন্তানকে স্বপ্ন দেখানোর জন্য

(গ) সন্তান বাৎসলের কারণে

(ঘ) সন্তানের অনুরোধ রক্ষায়

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও।

"লক্ষ লক্ষ হা-ঘরে দুর্গত
ঘৃণ্য যম-দূত-সেনা এড়িয়ে সীমান্ত পারে ছোটে মানুষ।"

২২। উদ্দীপকের 'সীমান্তপারে ছোটা মানুষ' 'কাকতাড়ুয়া' উপন্যাসের কার সাথে সাদৃশ্যপূর্ণ?

(ক) আলি (খ) মিঠু (গ) কুস্তি (ঘ) হরিকাকু

২৩। উক্ত সাদৃশ্যপূর্ণ চরিত্র ও উদ্দীপকের মানুষের ছুটে যাওয়ার কারণ কী?

(ক) প্রাণ বাঁচানোর তাগিদ (খ) অভাবের তাড়না

(গ) দেশের প্রতি মমত্ববোধ (ঘ) মুক্তির আকাঙ্ক্ষা

২৪। "বুকের ভেতর ধরে রেখেছে মুক্তিযুদ্ধ। বুধার প্রতি শাহাবুদ্দিনের এই উক্তির কারণ কী?

(ক) উপস্থিত বুদ্ধি (খ) দেশপ্রেম

(গ) প্রতিশোধ (ঘ) আত্মবিশ্বাস

২৫। হরিদাস মন্ডল সামান্য বেতনের কর্মচারী। অফিসে উপরি উপার্জনের সুযোগ থাকলেও তিনি তা করেন না বরং অফিস শেষে টিউশনি করে বাড়তি উপার্জন করেন।

উদ্দীপকের হরিদাস মন্ডলের ক্ষেত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে কথাটি প্রযোজ্য –

i. শিক্ষা তার জীবনে সোনা ফলিয়েছে

ii. শিক্ষা তার বাইরের ব্যাপার

iii. শিক্ষা তার অন্তরের ব্যাপার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। 'সব দ্বার এর খোলা রবে, চালা হাতুড়ি শাবল চালা।'-'মানুষ' কবিতার উক্ত চরণে কী প্রকাশ পেয়েছে?

(ক) অভিমান (খ) অনুযোগ

(গ) ঘৃণা (ঘ) ক্ষোভ

২৭। "জমিদারি থাক বা না থাক, আমার তাতে কিছু আসে যায় না।" 'বহিপীর' নাটকে সংলাপটি কার?

(ক) হাশেম আলির (খ) হাতেম আলির

(গ) খোদেজার (ঘ) তাহেরার

২৮। 'ধরি মাছ না ছুঁই পানি।'—এটি কোন ধরনের পল্লিসাহিত্য?

(ক) ছড়ার গান (খ) প্রবাদবাক্য

(গ) খনার বচন (ঘ) ডাকের কথা

২৯। সৈয়দ শামসুল হকের 'পায়ের আওয়াজ পাওয়া যায়।'-কোন ধরনের রচনা?

(ক) গল্প (খ) উপন্যাস

(গ) নাটক (ঘ) প্রবন্ধ

৩০। রানারের কাছে পৃথিবীটা কালো ধোঁয়া মনে হয় কেন?

(ক) প্রিয়ার অভিমানে (খ) দস্যুর ভয়ে

(গ) রাতের নির্জনতায় (ঘ) অভাবের কারণে

proshnobd.com